সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২
শিয়ালকোল, সিরাজগঞ্জ।
পোষ্ট কোড নং-৬৭০০
ISO 9001:2015 Certified
সরাসরি-০৭৫১-৬২৮৪৫
E-Mail-sirajganjpbs2@gmail.com
Web : pbs2.sirajganj.gov.bd

স্মারক নং-২৭.১২.৮৮৭৮.৫৭৩.০২.০২১.২৫. ২৯৬৮ তারিখঃ ০৬ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২০ মে' ২০২৫ খ্রিষ্টাব্দ

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

**বিষয়ঃ অত্র পবিসের কাজিপুর জোনাল অফিসের জন্য একজন মেডিকেল রিটেইনার নিয়োগ প্রসঙ্গে।**

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কাজিপুর জোনাল অফিস, এর কর্মকর্তা/কর্মচারীদের চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে স্থানীয়ভাবে ০১ (এক) জন মেডিকেল রিটেইনার ডাক্তার নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**শর্তাবলীঃ**

০১। প্রার্থীকে যে কোন স্বীকৃত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ হতে হবে। যে কোন বিষয়ে বিশেষজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। বিএমডিসি কর্তৃক রেজিষ্ট্রেশনধারী হতে হবে (সনদের ফটোকপি জমাদিতে হবে)।

০২। মেডিকেল রিটেইনার ডাক্তার পদে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। তবে ০১ (এক) মাসের পূর্ব নোটিশ প্রদান সাপেক্ষে যে কোন পক্ষ হতে এই নিয়োগ বাতিল করতে পারবে।

০৩। ০৩ (তিন) বৎসরের চুক্তিকাল উত্তীর্ণ হওয়ার অন্ততঃপক্ষে ০১ (এক) মাস পূর্বে নতুন করে আবেদন আহবান করা হবে এবং সেই সময় যিনি অত্র পদে অধিষ্ঠিত থাকবেন তিনিও পুনরায় আবেদন করতে পারবেন।

০৪। সমিতির আওতাভুক্ত এলাকার সরকারি ডাক্তার হিসাবে/ অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত আছেন কেবলমাত্র তাদেরকেই মেডিকেল রিটেইনার ডাক্তার পদের জন্য বিবেচনা করা হবে।

০৫। নির্বাচিত প্রার্থীকে নূন্যতম ০২ (দুই) ঘন্টা করে সপ্তাহে ০২ (দুই) দিন অফিস চলাকালীন সময়ে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কাজিপুর জোনাল অফিসে অবস্থান করে কর্মকর্তা/কর্মচারী এবং তাদের উপর নির্ভরশীল সদস্যদের বিনামূল্যে প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রদান করতে হবে। আলোচনার মাধ্যমে দিনক্ষণ স্থির করা যেতে পারে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

০৬। অফিসে চিকিৎসা সেবা প্রদানের সপ্তাহের নির্ধারিত দিন ব্যতিত অন্যান্য দিন কোন কারণে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী এবং তাদের উপর নির্ভরশীল সদস্যদের চিকিৎসার প্রয়োজন হলে ব্যক্তিগত চেম্বারে চিকিৎসা সেবা প্রদান এবং পবিসের কর্মকর্তা/কর্মচারীদের চিকিৎসা বিল প্রত্যয়ন করতে হবে। প্রয়োজন হলে কর্মকর্তা/কর্মচারীদের শারীরিক সক্ষমতা সংক্রান্ত প্রত্যয়ন পত্র প্রদান করতে হবে। এর জন্য কোন পৃথক ফি বা ভিজিট প্রদান করা হবে না।

০৭। নির্বাচিত প্রার্থীকে আলোচনা সাপেক্ষে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক নির্ধারিত হারে রিটেইনার ফি প্রদান করা হবে।

০৮। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।

উপর্যুক্ত শর্তাবলী পালনে সক্ষম বর্ণিত পদে নিয়োগ পেতে আগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে (ক) আবেদনকারীর নাম (খ) পিতা ও মাতার নাম (গ) স্থায়ী ও বর্তমান ঠিকানা (ঘ) জন্ম তারিখ (ঙ) শিক্ষাগত যোগ্যতা (চ) জাতীয়তা (ছ) ধর্ম (জ) অভিজ্ঞতা উল্লেখ পূর্বক স্ব-হস্তে দরখাস্ত আগামী ০২/০৬/২০২৫ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে। দরখাস্তের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি, সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ পত্র ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

০৭। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২০/০৫/২৫

(খঃ শামীম আলম)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) (সদয় অবগতি ও প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (উত্তরাঞ্চল/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
০৪। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
০৫। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, সিরাজগঞ্জ।
০৬। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৭। সুপারিনটেনডেন্ট, সদর হাসপাতাল, সিরাজগঞ্জ।
০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ...................... পবিস-১/২/৩/৪।
০৯। ডিজিএম, (সদর-কারিগরী)/বেলকুচি/কাজিপুর, সিরাজগঞ্জ পবিস-২।
১০। এজিএম, কামারখন্দ/পিপুলবাড়িয়া/তামাই সাব-জোনাল অফিস, সিরাজগঞ্জ পবিস-২।
১১। এজিএম (প্রশাসন/অর্থ/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি/এইচআর),সিরাজগঞ্জ পবিস-২।
১২। এজিএম (আইটি)সিরাজগঞ্জ পবিস-২। (সমিতির ওয়েবসাইটে প্রকাশের জন্য)
১৩। নোটিশ বোর্ড, সিরাজগঞ্জ পবিস-২।
১৪। অফিস/মাষ্টার কপি।

২০/০৫/২৫

(মোঃ জাহাঙ্গীর আলম)
এজিএম (প্রশাসন)

D/Almis/HR/02.022